

কর্মীর মারধরের শিকার শাবিপ্রবি ছাত্রলীগ নেতা

শাবিপ্রবি প্রতিনিধি



নিজ দলের কর্মীদের হাতে মারধরের শিকার হয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) সমুদ্রবিজ্ঞান বিভাগ শাখা ছাত্রলীগের সভাপতি সানজিদ চৌধুরী তন্ময়। রবিবার রাত দেড়টায় বিশ্ববিদ্যালয়ের শাহপরাণ হলে শাখা ছাত্রলীগের সাবেক উপদপ্তর সম্পাদক সজিবুর রহমানের অনুসারীরা তাঁকে মারধর করেছেন বলে অভিযোগ ভুক্তভোগীর।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, রবিবার মধ্যরাতে মারধরের শিকার ওই নেতা শাহপরাণ হলের ৪২৫ নম্বর কক্ষে গেলে সজিবুর

রহমানের অনুসারী সাজ্জাদ হোসেনের নেতৃত্বে ২০ থেকে ২৫
জন ছাত্রলীগকর্মী তন্ময়কে মারধর করেন।